গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০৮/২০১৯-২০২০
ঢাকা, ২২ নভেম্বর শুক্রবার ২০১৯,৭ অগ্রহায়ণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী বাংলাদেশ ও ভারতের মধ্যকার টেস্ট ম্যাচ খেলা দেখতে কলকাতায় যাচ্ছেন আজ
২। সশস্ত্র বাহিনী দিবসে শিখা অনির্বাণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
৩। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সাথে তিন বাহিনী প্রধানের পৃথকভাবে সাক্ষাৎ
৪। নিজ নিজ জায়গা থেকে দেশ গড়ায় কাজ করুন : সেনাকুঞ্জে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৫। সশস্ত্র বাহিনী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী : অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার আহ্বান
৬। সড়ক আইনের বিধি হচ্ছে, সমস্যা থাকবে না : সেতুমন্ত্রী
৭। প্রক্রিয়া মেনে সড়ক আইনের অসংগতি দূর করা হবে
রাজারবাগ পুলিশ লাইনে ট্রাফিক সচেতনতামূলক পক্ষ উদ্বোধনকালে স্বরাষ্ট্রমন্ত্রী
৮। সরাসরি কৃষকের কাছ থেকে ৬ লাখ টন ধান কেনা হবে : বাপা ফুডগ্রো এক্সপো উদ্বোধনকালে কৃষিমন্ত্রী
৯। প্রস্তাবিত সম্প্রচার আইন সাংবাদিকদের চাকরির সুরক্ষা দেবে : বিশ্ব টেলিভিশন দিবসের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
১০। সংযুক্ত আরব আমিরাতে প্রবাসীদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেছেন পররাষ্ট্রমন্ত্রী
১১। বাংলাদেশের অর্থনীতি লাফিয়ে লাফিয়ে এগুচ্ছে : ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম প্রতিবেদন
১২। এখন থেকে রাজধানীর ৫০ স্পটে পেঁয়াজ বিক্রি করবে টিসিবি : দাম প্রতিকেজি ৪৫ টাকা

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রীর বাংলাদেশ ও ভারতের মধ্যকার টেস্ট ম্যাচ খেলা দেখতে কলকাতায় যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ও ভারতের মধ্যকার দ্বিতীয় টেস্ট ম্যাচ দেখতে আজ (২২ নভেম্বর শুক্রবার) কলকাতা যাচ্ছেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে গোলাপি বলের দিবা-রাত্রির ঐতিহাসিক এ টেস্ট ম্যাচটি দেখবেন তিনি। আজ (২২ নভেম্বর শুক্রবার) সকাল ১০টায় প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ত্যাগ করবে। এরপর ভারতীয় সময় সকাল ১০টা ২৫ মিনিটে কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বোস আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে ফ্লাইটটি। বিমানবন্দরে আনুষ্ঠানিকতার পর প্রধানমন্ত্রীকে একটি মোটর শোভাযাত্রা সহকারে কলকাতার হোটেল তাজ বেঙ্গলে নিয়ে যাওয়া হবে। সংক্ষিপ্ত এ সফরকালে তিনি সেখানেই অবস্থান করবেন। পরে স্থানীয় সময় বেলা সাড়ে ১২টার দিকে ইডেন গার্ডেন স্টেডিয়ামে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে ঘণ্টা বাজিয়ে ঐতিহাসিক টেস্ট ম্যাচটির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র : ইত্তেফাক (পৃ.১,ক.১)।

**২। সশস্ত্র বাহিনী দিবসে শিখা অনির্বাণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) পৃথকভাবে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে ঢাকা ক্যান্টনমেন্টে শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করে স্বাধীনতা যুদ্ধে সেনাবাহিনীর শহীদ সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক রাষ্ট্রপতি প্রথমে শিখা অনির্বাণের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন এবং শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন । এ উপলক্ষে সেনা, নৌ ও বিমান বাহিনীর একটি চৌকষ দল অভিবাদন জানায়। রাষ্ট্রপতি সেখানে রক্ষিত পরিদর্শক বইয়ে স্বাক্ষর করেন। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিখা অনির্বাণের বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। সূত্র : ইত্তেফাক (পৃ.৩,ক.৫)।

**৩। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সাথে তিন বাহিনী প্রধানের পৃথকভাবে সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) বঙ্গভবনে সাক্ষাৎ করেছেন তিন বাহিনীর প্রধানগণ। রাষ্ট্রপতি তিন বাহিনীর প্রধান, সশস্ত্র বাহিনীর সকল সদস্য এবং তাদের পরিবারবর্গকে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। বৈঠকে তিন বাহিনী প্রধানগণ সংশ্লিষ্ট বাহিনী কর্তৃক গৃহীত বিভিন্ন কল্যাণকর কর্মকাণ্ড ও পদক্ষেপ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। প্রধানমন্ত্রী সাথেও সশস্ত্র বাহিনী বিভাগে তিন বাহিনী প্রধানগণ সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র : ইত্তেফাক (পৃ.৩,ক.৫)।

**৪। নিজ নিজ জায়গা থেকে দেশ গড়ায় কাজ করুন : সেনাকুঞ্জে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে সেনাকুঞ্জে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবাইকে নিজ নিজ জায়গা থেকে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে দেশ গড়ায় কাজ করার আহ্বান জানিয়ে বলেন, আসুন সবাই মিলে দেশকে এগিয়ে নিয়ে যাই। সবাই যার যার অবস্থান থেকে আন্তরিকতার সঙ্গে নিজেদের দেশকে গড়ে তুলতে কাজ করবেন সেটাই আমি চাই। সশস্ত্র বাহিনী সর্বাবস্থায় সংবিধানের প্রতি দায়বদ্ধ থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন। সন্ত্রাস-মাদক, দুর্নীতির বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত থাকবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশকে আধুনিকায়নের সঙ্গে সঙ্গে সশস্ত্র বাহিনীকে আধুনিকায়নের দিকে বিশেষ দৃষ্টি দিয়ে আমরা বিভিন্ন কাজ করে যাচ্ছি। এর আগে প্রধানমন্ত্রী সম্প্রসারিত ও পুনঃনির্মিত সেনাকুঞ্জ উদ্বোধন করেন। সূত্র : ইত্তেফাক (পৃ.১৫,ক.২

**৫। সশস্ত্র বাহিনী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী : অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার আহ্বান**

গুজবে কান না দেওয়ার জন্য জনগণের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গুজব ছড়িয়ে জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালানো হচ্ছে। বিশেষ করে পেঁয়াজ, লবণ প্রভৃতির সংকটের অপপ্রচার চালাচ্ছে একটি গোষ্ঠী। আমি সবাইকে একটা কথা বলব, এ অপপ্রচারে কান দেবেন না। দেশের একটি স্বার্থান্বেষী মহলের পেঁয়াজ, লবণ এবং চালের মতো নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির অপপ্রচার চালিয়ে জনগণকে বিভ্রান্ত করার সাম্প্রতিক অপচেষ্টার প্রেক্ষিতে তিনি এসব কথা বলেন। গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) ঢাকা সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মুক্তিযুদ্ধে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্য এবং সশস্ত্র বাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের জন্য সশস্ত্র বাহিনী দিবস-২০১৯ উপলক্ষ্যে এ সংবর্ধনার আয়োজন করেন প্রধানমন্ত্রী। এর আগে প্রধানমন্ত্রী মুক্তিযুদ্ধের সাত বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্য এবং খেতাব জয়ী সশস্ত্রবাহিনীর মুক্তিযোদ্ধাদের মাঝে সম্মানীর চেক এবং উপহার সামগ্রী বিতরণ করেন। সূত্র : ইত্তেফাক (পৃ.১,ক.৭)।

**৬।　সড়ক আইনের বিধি হচ্ছে, সমস্যা থাকবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নতুন সড়ক পরিবহণ আইনের বিধিমালা তৈরির কাজ শেষ পর্যায়ে রয়েছে। বাস্তব পরিস্থিতির আলোকে আমরা বিধিমালা প্রণয়ন করেছি। বিধি হয়ে গেলেই আর কোনো সমস্যা থাকবে না। তিনি বলেন, আইনটি প্রয়োগের ক্ষেত্রে কোনো ধরনের বাড়াবাড়ি হবে না। এ ক্ষেত্রে যদি কোনো কিছু অসংগত মনে হয়, তাহলে সেটা আমরা পরীক্ষা-নিরীক্ষা করে দেখব। গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আওয়ামী লীগের জাতীয় সম্মেলন উপলক্ষে গঠিত সাংস্কৃতিক উপকমিটির বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**৭।　প্রক্রিয়া মেনে সড়ক আইনের অসংগতি দূর করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**
**রাজারবাগ পুলিশ লাইনে ট্রাফিক সচেতনতামূলক পক্ষ উদ্বোধন**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, যথাযথ প্রক্রিয়া মেনে সড়ক পরিবহণ আইনের অসংগতি দূর করা হবে। গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) রাজারবাগ পুলিশ লাইনের অডিটোরিয়ামে ট্রাফিক সচেতনতামূলক পক্ষ উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ২১ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক সচেতনতামূলক পক্ষ চলবে। এর আগে স্বরাষ্ট্রমন্ত্রী রাজারবাগ পুলিশ লাইন্স মাঠে বেলুন উড়িয়ে এ পক্ষের উদ্বোধন করেন। পরিবহণ শ্রমিকদের ৯ দফা দাবি সড়ক পরিবহণ মন্ত্রীর কাছে পাঠানো হয়েছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কোথাও অসংগতি থাকলে যাচাই-বাছাই করে দেখা হবে। সূত্র : ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)।

**৮।　সরাসরি কৃষকের কাছ থেকে ৬ লাখ টন ধান কেনা হবে :**
**বাপা ফুডগ্রো এক্সপো উদ্বোধনকালে কৃষিমন্ত্রী**

চলতি আমন মৌসুমে সরাসরি কৃষকের কাছ থেকে সরকার ৬ লাখ টন ধান কিনবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। গতকাল (২১ নভেম্বর বৃস্পতিবার) রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় তিন দিনব্যাপী সপ্তম বাপা ফুডগ্রো ইন্টারন্যাশনাল এক্সপো-২০১৯'র উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, ধান কেনার ক্ষেত্রে আমরা দরিদ্র কৃষককে বেছে নেব। তাদের মধ্যে লটারী হবে। ফলে রাজনৈতিক চাপ থাকবে না। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৯।　প্রস্তাবিত সম্প্রচার আইন সাংবাদিকদের চাকরির সুরক্ষা দেবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, প্রস্তাবিত 'সম্প্রচার আইন' ব্রডকাস্ট মিডিয়ার সাংবাদিক ও কর্মীদের আইনী সুরক্ষা দেবে। গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) রাজধানীর তেজগাঁয়ে বেঙ্গল মিডিয়া স্টুডিওতে বিশ্ব টেলিভিশন দিবস উপলক্ষে ব্রডকাস্ট মিডিয়া সেন্টার এবং বেসরকারি চ্যানেল আরটিভির যৌথ উদ্যোগে আয়োজিত সেমিনারে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, আসুন আমরা টেলিভিশন শিল্পকে রক্ষার জন্য একসঙ্গে কাজ করি। তিনি বলেন, সরকার ব্রডকাস্ট মিডিয়ার সাংবাদিকদের চাকরির নিরাপত্তা এবং তাদের অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য কাজ করছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২)।

**১০।　সংযুক্ত আরব আমিরাতে প্রবাসীদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেছেন পররাষ্ট্রমন্ত্রী**

সংযুক্ত আরব আমিরাতে প্রবাসীদের দক্ষতা উন্নয়ন কর্মসূচির উদ্বোধন করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল (২১ নভেম্বর বৃস্পতিবার) একথা জানিয়ে বলা হয় যে ১৯ নভেম্বর আবুধাবির একটি হোটেলে 'জীবন পরিবর্তক' শিরোনামে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। এ কর্মসূচির আওতায় প্রবাসীদের দক্ষতা বৃদ্ধির জন্য ভাষা, কম্পিউটার প্রশিক্ষণ, ব্যক্তিত্ব উন্নয়ন এবং গাড়ি চালনাসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

**১১।　বাংলাদেশের অর্থনীতি লাফিয়ে লাফিয়ে এগুচ্ছে : ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম প্রতিবেদন**

বাংলাদেশের অর্থনীতি লাফিয়ে লাফিয়ে এগোচ্ছে বলে মন্তব্য করেছে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম। ফোরামের এক ব্লগপোস্টে এ মন্তব্য করা হয়। গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) বিভিন্ন গণমাধ্যমে এবিষয়ে প্রতিবেদন প্রকাশিত হয়। ইকোনমিক ফোরামের আগে পূর্বাভাস দিয়েছিল যে ২০২০ সালে বাংলাদেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) ৮ শতাংশ প্রবৃদ্ধি হবে। তখন দক্ষিণ এশিয়ার সবচেয়ে দ্রুত প্রবৃদ্ধির দেশ হবে বাংলাদেশ। ব্লগপোস্টে বাংলাদেশের বিভিন্ন অর্থনৈতিক অর্জনের ভূয়সী প্রশংসা করা হয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**১২।　এখন থেকে রাজধানীর ৫০ স্পটে পেঁয়াজ বিক্রি করবে টিসিবি : দাম প্রতিকেজি ৪৫ টাকা**

পেঁয়াজ বিক্রির পরিসর আরো বিস্তৃত করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন ট্রেডিং করপোরেশন অভ্ বাংলাদেশ। রাজধানীতে আগে ৩৫টি স্থানে ট্রাকের মাধ্যমে পেঁয়াজ বিক্রি করা হলেও এটি বাড়িয়ে এখন থেকে ৫০টি গুরুত্বপূর্ণ জায়গায় বিক্রি করা হবে। দাম আগের মতোই, কেজিপ্রতি ৪৫ টাকা। গতকাল (২১ নভেম্বর বৃহস্পতিবার) বাণিজ্য মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, সরকার বিশেষ উদ্যোগ নিয়ে আকাশ ও সমুদ্র পথে পর্যাপ্ত পেঁয়াজ আমদানি শুরু করেছে। পেঁয়াজের সরবরাহ স্বাভাবিক রাখতে এবং ন্যায্যমূল্য নিশ্চিত করতে টিসিবির মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করেছে। সূত্র : ইত্তেফাক (পৃ.৩,ক.৭)।